

(২)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

১০(৬)
২৪/৮
২৯/১১/১৯


স্মারক নং- শি:উ: ২৭৭/১১/২৭২

তারিখ : ২৯/০৩/২০১৭ ইং

বিষয় : জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর ২২/০৩/২০১৭ তারিখের সভায় জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বন্টন এতদসঙ্গে প্রেরণ করা হলো। ২০১৭ সালের জেএসসি/জেডিসি পরীক্ষা থেকে পদ্ধতিটি চালু করতে হবে।

বিষয়টি তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মোঃ ইমরুল হাসান)

সচিব

ফোন: ৯৫৬৫৬৪৪

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

ঢাকা/কুমিল্লা/যশোর/রাজশাহী/সিলেট/বরিশাল/চট্টগ্রাম

দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড

শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, চারু ও কারুকলা এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহ জেএসসি/জেডিসি পরীক্ষায় অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মানযাচাই বিষয়ে নম্বর বণ্টন :

বিষয় : শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য

পূর্ণমান	:	৫০
তত্ত্বীয়	:	২০
ব্যবহারিক	:	৩০
তত্ত্বীয় অংশ	:	২০
শ্রেণি অভীক্ষা	:	১০
বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ	:	১০

- কমপক্ষে ২টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।
- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ মূল্যায়ন করতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ৩০

খেলাধুলায় অংশগ্রহণ	:	২০
খেলাধুলায় পারদর্শিতা	:	১০

- প্রত্যেক শিক্ষার্থীর কমপক্ষে ১টি খেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাঠে শিক্ষার্থীর খেলাধুলায় অংশগ্রহণ পর্যবেক্ষণ করে নম্বর প্রদান করতে হবে।

বিষয় : চারু ও কারুকলা

পূর্ণমান	:	৫০
তত্ত্বীয়	:	২০
ব্যবহারিক	:	৩০
তত্ত্বীয় অংশ	:	২০
শ্রেণির কাজ ও বাড়ির কাজ	:	১০
শ্রেণি অভীক্ষা	:	১০

- শ্রেণির কাজ ও বাড়ির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ২টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ৩০

অঙ্কন অথবা নকশা তৈরি	:	৩০
----------------------	---	----

- অঙ্কন বা নকশা তৈরির ক্ষেত্রে প্রতি সাময়িকে কমপক্ষে ২টির প্রাপ্ত নম্বরের গড় নম্বর বিবেচনা করতে হবে।

বিষয় : কর্ম ও জীবনমুখী শিক্ষা

পূর্ণমান	:	৫০
তত্ত্বীয়	:	৩০
ব্যবহারিক	:	২০
তত্ত্বীয় অংশ	:	৩০
শ্রেণির কাজ ও বাড়ির কাজ	:	১০
শ্রেণি অভীক্ষা	:	২০

- শ্রেণির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ২০

ব্যবহারিক কাজ	:	২০
---------------	---	----

- কমপক্ষে ২টি ব্যবহারিক কাজ দিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

